

# যুগান্তর

প্রিন্ট: ১৫ এপ্রিল ২০২৬, ০৯:৪১ এএম

শিক্ষাঙ্গন

## ৩৫৫ শিক্ষাপ্রতিষ্ঠানকে সতর্ক করল মাউশি

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৩ এপ্রিল ২০২৬, ১০:৪১ পিএম

X



ফাইল ছবি

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনে ব্যর্থ ঢাকা ও সিলেট অঞ্চলের ৩৫৫টি শিক্ষাপ্রতিষ্ঠানকে সতর্কবার্তা দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

সোমবার (১৩ এপ্রিল) অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগ থেকে জারি করা নির্দেশনা অনুযায়ী গত ৩১ জানুয়ারির মধ্যে ঢাকা ও সিলেট অঞ্চলের উল্লিখিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করতে পারেনি। নির্ধারিত সময়ের মধ্যে এ আয়োজন করতে না পারায় তাদের প্রাথমিকভাবে সতর্ক করা হলো।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, পরবর্তীতে বার্ষিক ক্রীড়া আয়োজনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।